# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

**আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।**

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ২৩তম (২০২০-২১ অর্থ বছরের ৬ষ্ঠ) সভার কার্যবিবরণী।**

০৬ জুন ২০২১ তারিখ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় সংস্থার পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন) ও পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতিরিক্ত দায়িত্ব) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রূমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব মোঃ ছাকী হোসেন | কর্মচারী প্রধান ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩ | জনাব মোঃ গোলাম ফারুক | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | জনাব শেখর ভট্টাচার্য্য | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | প্রকৌ: আবু সাদেক তালুকদার | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮ | ডঃ মোঃ মহিউদ্দিন | মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৯ | জনাব ইমরান আহমেদ | উপ-ব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সকল সম্মানিত কর্মকর্তা/টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত ০৪ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২০-২১ অর্থ বছরের ৫ম সভার (নিয়মিত ২২তম) কার্যবিবরণী উপস্থাপন করলে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৩.০ সভায় এ পর্যায়ে তিনি ২০২০-২১ অর্থ বছরের ৫ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি-কে অনুরোধ করেন।

**৪.০. আলোচনা:**

৪.১) ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি এর অনুরোধে ইনোভেশন কমিটির সদস্য জনাব ইমরান আহমেদ, উপ-ব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি ২০২০-২১ অর্থ বছরের ৫ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর তথ্য উপাত্ত উপস্থিত সদস্যগণের নিকট নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| কার্যবিবরণীতে ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৫.১ | বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানার জন্য নিম্নোক্ত দুইটি বিষয় বিসিআইসি প্রধান কার্যালয় থেকে অনলাইনে মনিটরিং করতে হবে:<br>ক) For awareness of plant condition of the factory.<br>(খ) For sharing and delivery prompt suggestions to solve critical maintenance and instrumental problems of the factory.<br>বাস্তবায়নে: এমটিএস বিভাগ, বিসিআইসি। | বিষয়টি এমটিএস বিভাগ-কে অবহিত করা হয়েছে। |
| ৫.২ | ইনোভেশন এর বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্ধারিত ফরমেট প্রাপ্ত হলেই ইনোভেশন কমিটির সভায় উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | নির্ধারণ ফরমেট উপস্থাপন করা হয়েছে। |
| ৫.৩ | নিয়মিত ২১ তম সভার ৫.৬ নং সিদ্ধান্তটি বাস্তবায়ন বিষয়ক তথ্য শুধুমাত্র টেলিফোনিক আলাপে নিশ্চিত হলে হবে না। উদ্ভাবনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এর ছবি ও তথ্য কারখানা/প্রতিষ্ঠানসমূহের নোটিশ বোর্ডে সংরক্ষণ করা হয়েছে কি না সে বিষয়ে কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণকে ছবি তুলে প্রমাণক প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ১৭ মে ২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৫.৪ | কোভিড-১৯ এর কারণে সরকারি সিদ্ধান্তে লক ডাউন এর কোন ঘোষণা আসলে ১৮ থেকে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত চার দিন প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত রাখার বিষয়টি “দোহাটেক”-কে পত্র দিয়ে অবহিত করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | পত্র দিয়ে স্থগিত রাখার বিষয়টি নিশ্চিত করা হয়েছে। |
| ৫.৫ | কারখানাসমূহের জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কারখানা পর্যায়ে তাঁদের প্রস্তুতকৃত ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে প্রধান কার্যালয় থেকে সর্বদা | ১৭ মে ২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। |

<table>
<tr><td></td><td>মনিটরিং অব্যাহত রাখতে হবে। যে সকল কারখানা/প্রতিষ্ঠান ইনোভেশন অফিসার ও ইনোভেশন কমিটি গঠন করেনি সে সকল কারখানা/প্রতিষ্ঠানে ইনোভেশন অফিসার ও ইনোভেশন কমিটি গঠনের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: আইসিটি বিভাগীয় প্রধান, বিসিআইসি ও সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td></td></tr>
<tr><td>৫.৬</td><td>ইনোভেশন কমিটির অবশিষ্ট ০১ টি সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:
<table>
<tr><th>ক্রম</th><th>নিয়মিত সভা</th><th>২০২০-২১ অর্থ বছরের সভা</th><th>তারিখ</th><th>বার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>১৮ তম</td><td>১ম</td><td>০৯/০৭/২০২০</td><td>বৃহস্পতিবার</td><td>অনুষ্ঠিত হয়েছে</td></tr>
<tr><td>২</td><td>১৯ তম</td><td>২য়</td><td>১১/০১/২০২১</td><td>সোমবার</td><td>অনুষ্ঠিত হয়েছে</td></tr>
<tr><td>৩</td><td>২০ তম</td><td>৩য়</td><td>০৭/০২/২০২১</td><td>রবিবার</td><td>অনুষ্ঠিত হয়েছে</td></tr>
<tr><td>৪</td><td>২১ তম</td><td>৪র্থ</td><td>০২/০৩/২০২১</td><td>মঙ্গলবার</td><td>অনুষ্ঠিত হয়েছে</td></tr>
<tr><td>৫</td><td>২২তম</td><td>৫ম</td><td>০৪/০৪/২০২১</td><td>রবিবার</td><td>অনুষ্ঠিত হয়েছে</td></tr>
<tr><td>৬</td><td>২৩তম</td><td>৬ষ্ঠ</td><td>০৬/০৬/২০২১</td><td>রবিবার</td><td>করা হবে</td></tr>
</table>
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>সিডিউল অনুযায়ী অদ্য ০৬ জুন ২০২১ তারিখে ৬ষ্ঠ সভা আহ্বান করা হয়েছে।<br><br>২০২১-২২ অর্থ বছরের উদ্ভাবনী কর্ম-পরিকল্পনার খসড়া প্রস্তুত করা হয়েছে যা সভা কর্তৃক সম্মতি পাওয়া গেলে অনুমোদন গ্রহণের জন্য নথি উপস্থাপন করা যেতে পারে।</td></tr>
</table>

উপস্থাপিত ২০২০-২১ অর্থ বছরের ৫ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এর মধ্যে বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.২) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন কমিটি জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, ইনোভেশন কমিটি এর নিয়মিত ২১ তম সভার ৫.১ নং সিদ্ধান্তটি নিম্নরূপ:

"বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানার জন্য নিম্নোক্ত দুইটি বিষয় বিসিআইসি প্রধান কার্যালয় থেকে অনলাইনে মনিটরিং করতে হবে:

ক) For awareness of plant condition of the factory.

(খ) For sharing and delivery prompt suggestions to solve critical maintenance and instrumental problems of the factory.

বাস্তবায়নে: এমটিএস বিভাগ, বিসিআইসি।"

এই সিদ্ধান্তটি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি ১৫ দিন অন্তর চীফ ইনোভেশন অফিসার এর নিকট এমটিএস বিভাগ দাখিল করতে পারে। মনিটরিং কার্যক্রম এমটিএস বিভাগ পরিচালনা করতে পারে। আলোচনান্তে এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৩) ইনোভেশন কমিটির সদস্য-সচিব ও বিভাগীয় প্রধান আইসিটি বিভাগ জানান যে, ইনোভেশন এর বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ ইনোভেশন বিষয়টিকে গুরুত্বসহকারে বিবেচনা করছে বিধায় সকল চালু কারখানা/প্রতিষ্ঠান এর ইনোভেশন টিম গঠনের দপ্তরাদেশ ১৫ জুন ২০২১ তারিখের মধ্যে এবং বিসিআইসি ওয়েবসাইটে প্রকাশের উদ্দেশ্যে ২৫ জুন ২০২১ তারিখের মধ্যে সকল চালু কারখানা/প্রতিষ্ঠান ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ তৈরি করে কারখানা/প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনক্রমে অগ্রায়নপত্রসহ বিসিআইসি প্রধান কার্যালয় এর আইসিটি বিভাগ এ ই-মেইল এর মাধ্যমে (bcic.info@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্য পত্র মাধ্যমে অনুরোধ করা যেতে পারে। এছাড়া বিসিআইসি প্রধান কার্যালয় এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আদলে চালু কারখানা/প্রতিষ্ঠানসমূহের এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ইনোভেশন এর বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে পারে। আলোচনান্তে এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৪) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন কমিটি জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, বিসিআইসি প্রধান কার্যালয় এর ইনোভেশন কমিটি এর সদস্যবৃন্দ এবং প্রতিটি চালু কারখানা/প্রতিষ্ঠান এর চীফ ইনোভেশন অফিসার সমন্বয়ে একটি Whatsapp Group তৈরি করা যেতে পারে। এছাড়া চালু কারখানা/প্রতিষ্ঠানসমূহের ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী আয়োজিত ইনোভেশন কমিটি এর সভায় বিসিআইসি প্রধান কার্যালয় এর ইনোভেশন কমিটি এর সদস্য-সচিবকে অনলাইনে যুক্ত রাখার ব্যবস্থা কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণ করতে পারেন।

৪.৫) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, বিসিআইসি এর ইনোভেশন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের নিমিত্ত কোভিড-১৯ এর কারণে সরকারি সিদ্ধান্তে লক ডাউন এর কোন ঘোষণা অনুযায়ী ১৮ থেকে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত চার দিনব্যাপী স্থগিতকৃত প্রশিক্ষণ কার্যক্রম ২০ জুন ২০২১ তারিখের মধ্যে সম্পাদনের জন্য "দোহাটেক"-কে পত্র দিয়ে অবহিত করা যেতে পারে। আলোচনান্তে এ বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৬) বিসিআইসি এর জন্য প্রস্তুতকৃত ২০২১-২২ অর্থ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনা ১২ জুন ২০২১ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে। চূড়ান্তকৃত ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ বিসিআইসি এর চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের অনুমোদনক্রমে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে বিসিআইসি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৭) পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন কমিটি জনাব মোঃ শাহীন কামাল বলেন যে, কারখানাসমূহে ভাল কাজ করলে বিসিআইসি প্রধান কার্যালয় এর এমটিএস বিভাগ ও উৎপাদন বিভাগ উক্ত কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য ইনোভেশন কমিটির নিকট সুপারিশ উপস্থাপন করতে পারে। ইনোভেশন কমিটি সুপারিশসমূহ যাচায়ান্তে কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদান নিশ্চিত করবে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ভালকাজের জন্য সুপারিশের ভিত্তিতে যাচায়ান্তে চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তা-কে নগদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা ও চীফ ইনোভেশন অফিসার কর্তৃক প্রশংসা পত্র প্রদান করা যেতে পারে। এছাড়া ইনোভেশন/উদ্ভাবনী ধারণা প্রদানের জন্য ২০২১-২২ অর্থ বছর থেকে ইনোভেশন পুরস্কার হিসেবে কর্মকর্তা প্রতি নগদ ২৫,০০০.০০ (পঁচিশ) হাজার টাকা, ক্রেস্ট ও সনদ প্রদানের জন্য ইনোভেশন কমিটি এর সুপারিশ অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা যেতে পারে। তাছাড়া ২০২০-২১ অর্থ বছরের অনুরূপ ২০২১-২২ অর্থ বছরে অনুষ্ঠিতব্য ইনোভেশন কমিটির ছয় বা ততোধিক সভা আয়োজনের নিমিত্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য (৫,০০০×৬)=৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে ইনোভেশন কমিটির প্রতিটি সভায় বিভিন্ন খরচ যেমন: কাগজ, উন্নতমানের কলম, ফাইল, খাবার/নাস্তা ইত্যাদি ব্যয় করা যেতে পারে। আলোচনান্তে এই সকল বিষয়ে উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৮) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ লুৎফর রহমান, এফসিএমএ বলেন যে, ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ধারা অব্যহত রাখতে হবে।

## ৫. সভার সিদ্ধান্তসমূহ:

৫.১) ইনোভেশন কমিটি এর নিয়মিত ২১ তম সভার ৫.১ নং সিদ্ধান্তটি নিম্নরূপ:

"বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানার জন্য নিম্নোক্ত দুইটি বিষয় বিসিআইসি প্রধান কার্যালয় থেকে অনলাইনে মনিটরিং করতে হবে:

ক) For awareness of plant condition of the factory.

(খ) For sharing and delivery prompt suggestions to solve critical maintenance and instrumental problems of the factory.

বাস্তবায়নে: প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ, বিসিআইসি"।

সিদ্ধান্ত: বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি ১৫ দিন অন্তর চীফ ইনোভেশন অফিসার এর নিকট দাখিল করতে হবে।

বাস্তবায়নে: প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ, বিসিআইসি।

৫.২) কোভিড-১৯ এর কারণে সরকারি সিদ্ধান্তে লক ডাউন এর কোন ঘোষণা অনুযায়ী ১৮ থেকে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত চার দিনব্যাপী স্থগিতকৃত প্রশিক্ষণ কার্যক্রম ২০ জুন ২০২১ তারিখের মধ্যে সম্পাদনের জন্য "দোহাটেক"-কে পত্র দিয়ে অবহিত করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) বিসিআইসি প্রধান কার্যালয় এর ইনোভেশন কমিটি এর সদস্যবৃন্দ এবং প্রতিটি চালু কারখানা/প্রতিষ্ঠান এর চীফ ইনোভেশন অফিসার সমন্বয়ে একটি Whatsapp Group তৈরি করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) সকল চালু কারখানা/প্রতিষ্ঠান এর ইনোভেশন টিম গঠনের দপ্তরাদেশ (ইনোভেশন টিম এর সকল সদস্যের মোবাইল নম্বরসহ) ১৫ জুন ২০২১ তারিখের মধ্যে বিসিআইসি প্রধান কার্যালয় এর আইসিটি বিভাগ এ ই-মেইল এর মাধ্যমে (bcic.info@gmail.com) প্রেরণ নিশ্চিত করবে।

বাস্তবায়নে: বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানা/প্রতিষ্ঠান প্রধান।

৫.৫) বিসিআইসি ওয়েবসাইটে প্রকাশের উদ্দেশ্যে ২৫ জুন ২০২১ তারিখের মধ্যে সকল চালু কারখানা/প্রতিষ্ঠান ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ তৈরি করে কারখানা/প্রতিষ্ঠান প্রধানের অনুমোদনক্রমে অগ্রায়নপত্রসহ বিসিআইসি প্রধান কার্যালয় এর আইসিটি বিভাগ এ ই-মেইল এর মাধ্যমে (bcic.info@gmail.com) প্রেরণ নিশ্চিত করবে।

বাস্তবায়নে: বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানা/প্রতিষ্ঠান প্রধান।

৫.৬) বিসিআইসি এর জন্য প্রস্তুতকৃত ২০২১-২২ অর্থ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনা ১২ জুন ২০২১ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে। চূড়ান্তকৃত ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ বিসিআইসি এর চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের অনুমোদনক্রমে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে বিসিআইসি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৭)	চালু কারখানা/প্রতিষ্ঠানসমূহের ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী আয়োজিত ইনোভেশন কমিটি এর সভায় বিসিআইসি প্রধান কার্যালয় এর ইনোভেশন কমিটি এর সদস্য-সচিবকে অনলাইনে যুক্ত রাখার ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নে: বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানা/প্রতিষ্ঠান প্রধান।

৫.৮)	বিসিআইসি প্রধান কার্যালয় এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আদলে চালু কারখানা/প্রতিষ্ঠানসমূহের এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ইনোভেশন এর বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে।

বাস্তবায়নে: বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানা/প্রতিষ্ঠান প্রধান।

৫.৯)	কারখানাসমূহে ভাল কাজ করলে বিসিআইসি প্রধান কার্যালয় এর উর্ধ্বতন মহাব্যবস্থাপক/উৎপাদন বিভাগীয় প্রধান ও এমটিএস বিভাগীয় প্রধান/প্রধান প্রকৌশলী উক্ত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাকে পুরস্কার প্রদানের জন্য ইনোভেশন কমিটির নিকট সুপারিশ উপস্থাপন করবে। ইনোভেশন কমিটি সুপারিশসমূহ যাচায়ান্তে শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাকে পুরস্কার প্রদানের সুপারিশ বিসিআইসি কর্তৃপক্ষের নিকট পেশ করবে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ভালকাজের জন্য সুপারিশের ভিত্তিতে যাচায়ান্তে চূড়ান্তভাবে মনোনীত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাকে-কে নগদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা ও চীফ ইনোভেশন অফিসার কর্তৃক প্রশংসা পত্র প্রদান করা হবে।

বাস্তবায়নে: উর্ধ্বতন মহাব্যবস্থাপক/উৎপাদন বিভাগীয় প্রধান, বিসিআইসি ও প্রধান প্রকৌশলী/এমটিএস বিভাগীয় প্রধান, বিসিআইসি।

৫.১০)	ইনোভেশন/উদ্ভাবনী ধারণা প্রদানের জন্য ২০২১-২২ অর্থ বছর থেকে ইনোভেশন পুরস্কার হিসেবে কর্মকর্তা প্রতি নগদ ২৫,০০০.০০ (পঁচিশ) হাজার টাকা, ক্রেস্ট ও সনদ প্রদানের জন্য ইনোভেশন কমিটি এর সুপারিশ অনুমোদনের জন্য নথি উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.১১)	২০২০-২১ অর্থ বছরের অনুরূপ ২০২১-২২ অর্থ বছরে অনুষ্ঠিতব্য ইনোভেশন কমিটির ছয় বা ততোধিক সভা আয়োজনের নিমিত্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য (৫,০০০×৬)=৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে ইনোভেশন কমিটির প্রতিটি সভায় বিভিন্ন খরচ যেমন: কাগজ, উন্নতমানের কলম, ফাইল, খাবার/নাস্তা ইত্যাদি ব্যয় করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.১২)	২০২০-২১ অর্থ বছরে অনুষ্ঠিত ইনোভেশন কমিটি এর সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন এর জন্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.১৩)	ইনোভেশন কমিটির ২০২১-২২ অর্থ বছরের সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:

| ক্রম | নিয়মিত সভা | ২০২১-২২ অর্থ বছরের সভা | তারিখ | সময় | বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২৪ তম | ১ম | ০৪/০৭/২০২১ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | করা হবে |
| ২ | ২৫ তম | ২য় | ০৫/০৯/২০২১ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | |
| ৩ | ২৬ তম | ৩য় | ০৭/১১/২০২১ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | |
| ৪ | ২৭ তম | ৪র্থ | ০৯/০১/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | |
| ৫ | ২৮ তম | ৫ম | ১৩/০২/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | |
| ৬ | ২৯ তম | ৬ষ্ঠ | ০৩/০৪/২০২২ | সকাল ১০:০০ ঘটিকা | রবিবার | |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৭/২০২১

(মোঃ লুৎফর রহমান, এফসিএমএ)
পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন)
ও
পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতি: দা:)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।